

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.২২০০.০৪২.১৪.০৮৩.১৭.৫৮

তারিখ: ২৬ পৌষ ১৪২৯  
১০ জানুয়ারি ২০২৩

বিষয় : কক্সবাজার জেলার টেকনাফ উপজেলায় ৬ নং সেন্টমার্টিন ইউনিয়নের বিদ্যমান জেটিঘাট মেরামত কাজের সংশোধিত প্রাক্কলন অনুমোদন।


- সূত্র : ১. জেলা পরিষদ, কক্সবাজার এর স্মারক ৪৬.০০.২২০০.০০২.১৪.২৪০.২১.৭২৫, তারিখ: ২৫ মে ২০২২।  
২. স্থানীয় সরকার বিভাগের স্মারক ৪৬.০০.০০০০.০৪২.১৪.০৮৩.১৭.১৪০২, তারিখ: ১৪ জুলাই ২০২২।  
৩. স্থানীয় সরকার বিভাগের স্মারক ৪৬.০০.০০০০.০৪২.১৪.০৮৩.১৭.১৯২০, তাং: ২৬ ডিসেম্বর ২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ ১নং স্মারকে কক্সবাজার জেলার টেকনাফ উপজেলায় ৬ নং সেন্টমার্টিন ইউনিয়নের বিদ্যমান জেটিঘাট মেরামত কাজের ১,৬৫,৫৬,১৯৪.০০ টাকা (এক কোটি পয়ষড়ি লক্ষ ছাপ্পান্ন হাজার একশত চুরানব্বই) টাকা এর সংশোধিত প্রাক্কলন অনুমোদনের প্রস্তাব প্রেরণ করা হয়। সূত্রস্থ ২নং স্মারকে উল্লিখিত জেটিঘাট মেরামত কার্যক্রম সরেজমিন পরিদর্শনপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য তিন সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয় (কপি সংযুক্ত)। উক্ত কমিটি ৩নং স্মারক মূলে জেটিঘাট মেরামত কার্যক্রম সরেজমিন পরিদর্শনপূর্বক নিম্নরূপ মতামত ও সুপারিশ প্রদান করেন:

- (ক) সেন্টমার্টিন জেটির Sub Structure এর কাজটি বাস্তবে পর্যবেক্ষণ করা সম্ভব হয়নি। তবে তদারককারী প্রকৌশলীগণের দ্বারা Sub Structure এর কাজ চলাকালীন দায়িত্বপ্রাপ্ত ছিলেন, তাদের সাথে আলোচনায় জানা যায়, পাইল Lenth ১৫ মিটার এর স্থলে Hard Layer এর কারণে ১৩.৫০ মিটার করা হয়েছে। এছাড়া, Super Structure এর কাজে কিছু কিছু ক্ষেত্রে নিম্নমানের Workman Ship পরিলক্ষিত হয়েছে। বিশেষতঃ Deck slab এর একটি অংশে Checkered plate খণ্ডিত আকারে জোড়া লাগানো হয়েছে, যা ইতোমধ্যে মরচে পড়েছে। উক্ত Checkered plate গুলো অপসারণ করতঃ নতুন plate সংযোজন করে Specification অনুযায়ী Galvanized করতে হবে।
- (খ) Super Structutre এর নিচের কিছু Beam এ মরচে পড়ায় সেগুলিতে Galvanizing কাজটি Properly specification অনুযায়ী অভিজ্ঞ লোকদ্বারা বাস্তবায়ন করতে হবে।
- (গ) জেটির সৌন্দর্য্যবর্ধন ও যাত্রী সাধারণের নিরাপত্তার স্বার্থে Railing এর Rail Post এবং Rail Bar সমূহ Steel Frame Work দ্বারা Specification অনুযায়ী বাস্তবায়ন করতে হবে।
- (ঘ) Variation এর প্রাক্কলনে অন্তর্ভুক্ত কাজসমূহ যথাযথভাবে বাস্তবায়ন ও উপর্যুক্ত কর্তৃপক্ষের অনুমোদনের পর দায়িত্বপ্রাপ্ত প্রকৌশলীগণ ও কারিগরি কমিটির সদস্যগণ কাজের গুণগতমান নিশ্চিত হয়ে চূড়ান্ত বিল প্রদান করবেন।
- (ঙ) সার্বিক বিবেচনায়, Variation প্রাক্কলনের চুক্তিমূল্য ১,৪৪,০৮,২৫৪.০৭ টাকা এবং অতিরিক্ত ১৫,২৯,৮০৫.৭৬ টাকাসহ সর্বমোট ১,৫৯,৩৮,০৫৯.৮৩ টাকার Variation প্রাক্কলন বর্ণিত শর্তসাপেক্ষে অনুমোদনের জন্য সুপারিশ করা হলো।

০২। এমতাবস্থায়, উক্ত তদন্ত কমিটির সুপারিশ ও শর্তসমূহ প্রতিপালন সাপেক্ষে কক্সবাজার জেলার টেকনাফ উপজেলায় ৬ নং সেন্টমার্টিন ইউনিয়নের বিদ্যমান জেটিঘাট মেরামত কাজের সংশোধিত ১,৫৯,৩৮,০৫৯.৮৩ টাকার Variation প্রাক্কলন নির্দেশক্রমে অনুমোদন জ্ঞাপন করা হলো:

সংযুক্তি: তদন্ত প্রতিবেদনের ছায়ালিপি।

  
এস এম নজরুল ইসলাম  
উপসচিব  
ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮  
Email:lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, কক্সবাজার।

অনুলিপি:

- অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার।
- সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)